দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে চুড়ান্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৩-২৪ অর্থ বছরের চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়েছে।

গতকাল রবিবার বেলা ১১ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে এই চুড়ান্ত বাজেট ঘোষণা করেন হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন।

২০২৩-২৪ অর্থ বছরে চুড়ান্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া অনুযায়ী ২৩-২৪ইং অর্থ বছরে ১কোটি ৮৪ লক্ষ ৬৩ হাজার ৫শত ৮৫ টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান টি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম হোসেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ভিডব্লিউবি পুষ্টি চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়নে গরীব অসহায় দুস্থ মহিলাদের মাঝে ভিডব্লিউবি পুষ্টি চাউল বিতরণ করা হয়েছে। আজ বুধবার সকাল ১০টায় ইউনিয়ন পরিষদ চত্বরে ইউনিয়নের ৩৭৪ জন উপকারভূগীর মােঋ এই পুষ্টি চাউল বিতরণ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্র (পঞ্জিকাবর্ষ অনুযায়ী) মাসিক বরাদ্দ প্রতি কার্ডে ৩০ কেজি খাদ্য শস্য প্রদান করা হয়। উপকার ভূগিরা ২৪ মাস পর্যন্ত প্রতি কার্ডে ৩০ কেজি করে খাদ্য শস্য পাবেন এবং একই সাথে তাদেরকে সঞ্চয়ী করে তোলার জন্য প্রতি মাসে খাদ্য শস্য নেবার সময় ২০০ টাকা করে সঞ্চয় রাখতে হয়। ২৪ মাস পরে তার ৪৮শত করে টাকা সঞ্চয় ফেরত পাবে।

দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য শহিদুল ইসলাম, শাহজামাল, আ: হান্নান পটু, রিকাত আলী, আব্দুল্লাহ সেলিমসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ভিজিএফএর চাউল বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে ভিজিএফএর চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় ইউনিয়নের ২৬১০ জন উপকারভূগীর মাঝে জন প্রতি ১০কেজি করে চাউল বিতরণ করা হয়।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে অসহায় মানুষের মাঝে সুষ্ঠ ও সমভাবে চাউল বিতরণের সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামালসহ সকল ইউপি সদস্য, মহিলা ইউপি সদস্য, গ্রাম পুলিশ সহ উপকারভূগীরা উপস্থীত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

দামুড়হুদার হাউলী ইউনিয়ন দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকাল সাড়ে ৪ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে।

দ্বি-মাসিক সমন্বয় সভায় হাউলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ও হাউলী ইউনিয়ন লোকমোর্চার প্রধান উপদেষ্টা ইউনুছ আলী।

হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমানের সঞ্চালনায়, আরো উপস্থিত ছিলেন, সহ-সভাপতি জহিরুল ইসলাম জহির। সহ-সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মিলন। সাংগঠনিক সম্পাদক জামিরুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা। প্রচার সম্পাদক রাসেল শাহ্।

নির্বাহী সদস্য শহিদুল ইসলাম,রিকাত আলী, লাইলী আক্তার বেবী, সাবিনা ইয়াসমিন, মামুন হোসেন, জয়নাল হোসেন, সেলিম উদ্দিন, সমশের আলী, মুক্তার হোসেন, সোনিয়া খাতুন, আকবর আলি বিশ্বাস,আলেফ উদ্দিন, শারমিন সুলতানা সহ হাউলী ইউনিয়ন লোকমোর্চার সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, ওয়েব ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।